ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



রেগে গেলে মাথা ঠিক থাকে না প্রিয়াঙ্কার!
পৃঃ ৫



জুভেন্টাসের হয়ে ফেরার আশা শেষ পগবার
পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩১৪ ● কলকাতা ● ০৬ অগ্রহায়ণ, ১৪৩১ ● শুক্রবার ● ২২ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## বাংলায় আলুর দাম বাড়িয়ে অন্য জায়গা থেকে মুনাফা লুটবে, এ জিনিস বরদাস্ত করব না: মুখ্যমন্ত্রী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাংলায় আলুর দাম বৃদ্ধি নিয়ে কড়া বার্তা দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বললেন, "বাংলায় আলুর দাম বাড়িয়ে অন্য জায়গা থেকে মুনাফা লুটবে, আর আমি চাষিদের জন্য ইনসিওরেন্সের ব্যবস্থা করব, দুটো জিনিস একসঙ্গে চলতে পারে না।এদিনৈর বৈঠকে উপস্থিত ছিলেন রাজ্যের তিন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, প্রদীপ মজুমদার ও বেচারাম মান্না। এতদিন মার্কেটিং এবং অ্যাগ্রো মার্কেটিং ডিপার্টমেন্ট ছিল ওঙ্কার মিনার হাতে। এদিন অ্যাগ্রো মার্কেটিং ডিপার্টমেন্টের দায়িত্ব বেচারামের হাতে তুলে দেন মুখ্যমন্ত্রী। প্রতি সপ্তাহের স্টক মিলিয়ে দেখার নির্দেশ দিয়েছেন তিনি।

ক্ষুব্ধ মুখ্যমন্ত্রী বলেন, আমাদের নিজেদের খাওয়ার পেঁয়াজ জোটে না। সেজন্য পেঁয়াজ চাষে জোর দিয়েছি। জমি উর্বর করা থেকে সার, এমনকী ইনসিওরেন্সের ব্যবস্থা করার পরও উৎপাদিত পেঁয়াজের ৫০ শতাংশ বাইরে পাঠিয়ে দিচ্ছে। সাহায্য করব আমরা আর কিনতে গিয়ে রাজ্যের মানুষের হাত পুড়বে, সেটা আমি বরদাস্ত করব না।"এই জিনিস আমি বরদাস্ত করব না।"

রাজ্যে আলু ও পেঁয়াজের দাম বৃদ্ধি নিয়ে দ্রুত টাস্ক ফোর্সের মিটিং ডাকারও নির্দেশ

এরপর ৩ পাতায়

## বাড়ানো হোক লক্ষ্মীর ভাণ্ডার, মমতাকে অনুরোধ বিজেপি সাংসদের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** লক্ষ্মীর ভাণ্ডার বাড়ানোর অনুরোধ বিজেপি সাংসদের। এই মর্মে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে চিঠি দিলেন পুরুলিয়ার বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো। তাঁর অনুরোধ, নারীর ক্ষমতায়নে অনুদান বাড়িয়ে করা হোক ২ হাজার টাকা।বিজেপি সাংসদের এই চিঠি ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। কারণ, অধিকাংশ সময় বঙ্গ বিজেপি লক্ষ্মীর ভাণ্ডারের সমালোচনা করেছে। এমন পরিস্থিতিতে দলেরই সাংসদে এই অনুদান বৃদ্ধির পক্ষে সওয়াল করা বেশ তাৎপর্যপূর্ণ বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।একুশে ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী রাজ্যের মহিলাদের কথা ভেবে চালু করেছিলেন লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্প।মাসে মাসে মহিলাদের অ্যাকাউন্টে ঢোকে ১ হাজার টাকা। তফসিলি জাতি ও উপজাতিভুক্ত মহিলারা পান ১২০০ টাকা। এবার তা বাড়িতে ২ হাজার করার আবেদন জানালেন পুরুলিয়ার সাংসদ। রাজ্য সরকারকে বিঁধে তাঁর দাবি, দেশের মধ্যে বংলায় মুদ্রাস্ফিতী সবচেয়ে বেশি। এখানে জিনিসপত্রের দাম সবচেয়ে বেশি। তৃণমূলের সঙ্গে যুক্ত 'দালাল'দের হাতযশে নিত্য প্রয়োজনীয় সামগ্রীর দাম আকাশছোঁয়া। যা সামলাতে মাসিক ১০০০-১২০০ টাকা যথেষ্ট নয়।

এ প্রসঙ্গে মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, ঝাড়খণ্ডের তুলনা টানেন বিজেপি সাংসদ। চিঠিতে লেখেন, আর্থিকভাবে পিছিয়ে পড়া রাজ্য হয়েও মহিলাদের মাসে মাসে আড়াই হাজার টাকা দেওয়ার পরিকল্পনা করা হয়েছে। সেই পথে হেঁটে লক্ষ্মীর ভাণ্ডার বৃদ্ধি করুন মুখ্যমন্ত্রী। জ্যোতির্ময় সিং মাহাতো নাম না করে পার্থ চট্টোপাধ্যায় ঘনিষ্ঠ অর্পিতা মুখোপাধ্যায়ের বাড়ি

এরপর ৩ পাতায়

## শুধু নেগেটিভ খবর করলে মন খুলে মিটিং করব কী করে, এমন করলে আর ডাকব না: মুখ্যমন্ত্রী




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এবার থেকে কেবলই 'নেগেটিভ' খবর করলে সেই সেই সংবাদমাধ্যমকে আর বৈঠকে ডাকবেন না মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। আজ, বৃহস্পতিবার নবান্নের সভাঘর থেকে এমনটাই জানিয়ে দিলেন তিনি। বললেন, 'আপনারা শুধু নেগেটিভ খবর করবেন বললে তো হবে না।সব শেষে মুখ্যমন্ত্রী বলেন, 'আমরা কেউ মন্ত্রী, কেউ প্রশাসন-- সবাই এখানে দায়িত্ব নিয়ে বসে আছি। হেঁজিপেঁজি কেউ নই। আপনারাও দায়িত্ব নিয়ে কাজ করেন, সেটুকু আমি আশা করব। পরে আমায় বলতে পারবেন না, মিটিংয়ের লাইভ স্ট্রিমিং কেন হচ্ছে না।'তাহলে আপনাদের সামনে মন খুলে মিটিং করব কী করে?'

আজ মূলত মূল্যবৃদ্ধি, আলুর দাম বাড়া এবং তার কারণ হিসেবে নিচুতলার কর্মীদের অসততা-- এই প্রসঙ্গে বৈঠক করেন মুখ্যমন্ত্রী। কড়া বার্তা দেন পুলিশ-প্রশাসনকে। তা করতে গিয়েই মিডিয়ার উদ্দেশে মমতা বলেন, 'মিডিয়াকে বলব, প্লিজ এগুলো পজিটিভ ভাবে দেখুন। নেগেটিভ ভাবে দেখার চেষ্টা করবেন না।'

এ কথা বলতে গিয়ে খানিক উষ্মাও প্রকাশ করেন তিনি। বলেন, 'আপনারা পজিটিভ ব্যাপারটাকে এড়িয়ে আপনারা শুধু নেগেটিভ খবর করবেন বললে তো হবে না। তাহলে আপনাদের সামনে মন খুলে মিটিং করব কী করে? স্বচ্ছতা মেনে কাজ করব কী

এরপর ৩ পাতায়






## শ্রী গিরিরাজ সিং : ভারত টেক্স ২০২৫,

# গ্লোবাল টেক্সটাইল এক্সপো 'আত্মনির্ভর ভারত'-এর একটি ছোট উদাহরণ



**কলকাতা, ২১ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী শ্রী গিরিরাজ সিং বুধবার, ২০ নভেম্বর, ২০২৪ বস্ত্রক্ষেত্রে পশ্চিমবঙ্গের দক্ষতা এবং পোশাক শিল্পে সে মসলিনই হোক, যা একটি আংটির মধ্য দিয়ে চলে যায় আবার, পাটের বস্ত্রই হোক, এই রাজ্যের দীর্ঘ ইতিহাসের প্রশংসা করেন। শ্রী সিং দু'দিনের সফরে পশ্চিমবঙ্গে নতুন দিল্লি এবং গ্রেটার নয়ডায় ১২-১৭ ফেব্রুয়ারি, ২০২৫ অনুষ্ঠিতব্য ভারত টেক্স এক্সপো-র প্রচারে এসেছেন। এই সূত্রে তিনি রোড শো-এ অংশ নেওয়ার পাশাপাশি পোশাক প্রস্তুতকারী সংস্থা এবং পাট শিল্প সংস্থাগুলির প্রতিনিধিদের সঙ্গে দেখাও করেছেন। শ্রী সিং বলেন, ভারত টেক্স, ২০২৫ 'আত্মনির্ভর ভারত'-এর একটি ছোট উদাহরণ। এই এক্সপো ভারতের বস্ত্রশিল্পের শক্তি তুলে ধরতে চলেছে। তিনি আরও জানান, বস্ত্রশিল্প ২০৩০-এর মধ্যে বেড়ে ৩৫০ বিলিয়ন মার্কিন ডলার হবে এবং আরও ৩ কোটি ৫০ লক্ষ কর্মসংস্থানের সৃষ্টি হবে। কেন্দ্রীয় মন্ত্রীর কথামতো ভারত টেক্স, ২০২৫-এর লক্ষ্য প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ আকর্ষণ করা। পাঁচ হাজারের বেশি প্রদর্শক এতে অংশ নিতে আসবেন। ২ লক্ষ ২০ হাজার বর্গমিটার এলাকা জুড়ে হওয়া এই এক্সপোয় ছ'হাজারের বেশি বিদেশি ক্রেতার পাশাপাশি থাকবে ১২ হাজার বিভিন্ন রকম বস্ত্রসামগ্রী।

মন্ত্রী বলেন যে, সেদিন খুব বেশি দূরে নয় যখন ভারত বস্ত্রশিল্পে চিনকে পেরিয়ে যাবে। তিনি জোর দিয়ে বলেন, বস্ত্রশিল্পের জন্য কেন্দ্রীয় সরকারের পিএলআই কর্মসূচি পোশাক শিল্পের উৎপাদন এবং ব্র্যান্ডিং বৃদ্ধি করতে সক্ষম করবে। মন্ত্রী আরও বলেন, পিএলআই কর্মসূচি বস্ত্রশিল্পে মূল্য শৃঙ্খলকে যুক্ত করতে সাহায্য করবে এবং দেশে নিয়ে আসবে বিদেশি বিনিয়োগ। ভারত টেক্স, ২০২৫ হল প্রধানমন্ত্রীর পাঁচটি 'এফ' দর্শনের প্রতিরূপ-ফার্ম টু ফাইবার টু ফ্যাক্টরি টু ফ্যাশন টু ফরেন। তিনি টেকনিক্যাল টেক্সটাইল বিষয়ে বলতে গিয়ে যে কথাটি বলেন সেটি হল, শুধুমাত্র শিল্পশৈলীর জন্য নয়, কৃষি, নির্মাণ, খেলোয়াড়দের পোশাক, স্বাস্থ্য পরিষেবায় ব্যবহার্য বস্ত্র যেমন ডায়াপার, স্যানিটারি ন্যাপকিন, ডিসপোজেবল ইত্যাদি - এসব কিছুর জন্যই নকশা করা।

অনুষ্ঠানে উপস্থিত বস্ত্র ও বিদেশ প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মার্গারিটা পশ্চিমবঙ্গের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যের প্রশংসা করেন এবং এই সূত্রে রাজ্যের জমকালো জামদানি এবং বালুচরী শাড়ির উল্লেখ করেন। অনুষ্ঠানে উপস্থিত বিশিষ্টজনেদের মধ্যে ছিলেন কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রকের অতিরিক্ত সচিব শ্রী রোহিত কানসাল এবং পাট ও বস্ত্র মন্ত্রকের বরিষ্ঠ আধিকারিক ও প্রতিনিধিরা।

## ইতালি-ভারত যৌথ কৌশলগত পরিকল্পনা ২০২৫-২০২৯




**নয়াদিল্লি, ১৯ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** ভারত ও ইতালির কৌশলগত সহযোগিতার অসীম সম্ভাবনার দিকে তাকিয়ে ব্রাজিলের রিও দি জেনোরো-তে জি২০ শিখর বৈঠকে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদি ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে আলোচনায় যৌথ ও কৌশলগত কর্মপরিকল্পনাকে সময় বেঁধে প্রয়োজনীয় বিষয়ভিত্তিক ক্ষেত্রে আরও জোরদার করতে সম্মত হয়েছেন। রাজনৈতিক স্তরে আলোচনা, অর্থনৈতিক সহযোগিতা ও বিনিয়োগ, সংযোগ ব্যবস্থা, বিজ্ঞান, প্রযুক্তি, তথ্যপ্রযুক্তি উদ্ভাবন এবং স্টার্টআপ সহ মহাকাশ ক্ষেত্রে, শক্তি রূপান্তর, প্রতিরক্ষা সহযোগিতা, নিরাপত্তা সহযোগিতা, অভিবাসন ও চলাচল, সংস্কৃতি, শিক্ষা ক্ষেত্র, মানুষে মানুষে সম্পর্ক, চলচ্চিত্র ও পর্যটন প্রভৃতি ১০ দফা ক্ষেত্রে ভারত-ইতালি কৌশলগত কর্মপরিকল্পনায় সম্মত হয়েছে। রাজনৈতিক স্তরে আলোচনার ক্ষেত্রে রয়েছে সরকারের প্রধান, বিদেশমন্ত্রী, বাণিজ্য ও প্রতিরক্ষা মন্ত্রীদের মধ্যে নিয়মিত বৈঠক এবং পারস্পরিক দেশ সফর সেইসঙ্গে বহুপাক্ষিক ক্ষেত্রে বিভিন্ন মঞ্চে বৈঠকের ফাঁকে আলোচনা চালিয়ে যাওয়া। উভয় দেশে বিদেশমন্ত্রী পর্যায়ে বার্ষিক দ্বিপাক্ষিক বৈঠক চালিয়ে যাওয়া, সেইসঙ্গে বৈদেশিক শাখার মধ্যে নিয়মিত আলোচনার বিষয়টি প্রধান্য পেয়েছে। এছাড়াও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট সহযোগিতার ক্ষেত্রকে আরও গভীরতা দিতে অন্যান্য মন্ত্রকের প্রধানদের মধ্যে নিয়মিত আলোচনার প্রক্রিয়াকে জোরদার করা হবে। অর্থনৈতিক সহযোগিতা এবং বিনিয়োগ ক্ষেত্রে খাদ্য প্রক্রিয়াকরণ নিয়ে ভারত-ইতালি যৌথ কর্মীগোষ্ঠীর মধ্যে অর্থনৈতিক সহযোগিতা সম্পর্ক নিয়ে যুগ্ম কমিশনে কাজের ক্ষেত্রকে ত্বরান্বিত করা, দ্বিপাক্ষিক বাণিজ্য প্রসার, বিনিয়োগ ও বাজারের ক্ষেত্রকে সম্প্রসারিত করা, সেই সঙ্গে পরিবহন, কৃষিপণ্য, যন্ত্রাংশ, রাসায়নিক এবং ঔষধ ক্ষেত্র, আসবাব, প্রযুক্তি ক্ষেত্রে উদ্ভুত নানা অত্যাধুনিক ক্ষেত্র, প্যাকেজিং, কোল্ড চেন, গ্রিন বা পরিবেশ বান্ধব প্রযুক্তি সহ উভয় দেশের বৃহৎ কোম্পানীগুলির মধ্যে যৌথ উদ্যোগ ও উৎপাদন এবং এসএমই ক্ষেত্রে সহযোগিতা প্রসারের ওপর জোর দেওয়া হয়েছে। এর পাশাপাশি বিভিন্ন বাণিজ্য মেলায় অংশগ্রহণ, অর্থনৈতিক সংগঠন এবং

এরপর ৩ পাতায়

## আবাস নিয়ে বিরাট ঘোষণা মমতার!

# কবে পাবেন টাকা? বলে দিলেন দিনক্ষণ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী ১০ বছর বাদে যদি আমার মৃত্য হয় আমি চাই না আমার নামে কোনও স্ট্যাচু হোক। মানুষ মনে রাখে তাঁর কাজে, আর তাঁর ছবি হৃদয়ে থাকে।" এমনটাই বললেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মমতা বলেন, "৩৬ লক্ষ মাটির বাড়ি আছে আমি যতদূর জানি। অনেকে আছে সার্ভের নামে একটা পাকা দেওয়াল থাকলে তুমি তাহলে বাদ দেবে কেন? গ্রামে আমি গিয়েছি। সাঁতার কাটতে জানি, পাঁচিলে উঠতে জানি। ক্লাস ৭ পর্যন্ত পরীক্ষা হয়ে গেলে গ্রামে যেতাম আমি। আমরা বলেছিলাম ১১ লক্ষ বাড়ি দেব। সেটা আরও ১ লক্ষ বাড়িয়ে দিয়েছি। আমাদের সরকার ১৫ই ডিসেম্বর থেকে ৩০-এ ডিসেম্বরের মধ্যে টাকা দিতে শুরু করবে। ১২ লক্ষ দেওয়ার পরেও আমাদের আরও বাকি থাকবে ২৪ লক্ষ। আরও ধাপে ধাপে যখন টাকা আসবে, তখন দেব। আরও ২৪ লক্ষ দিতে দু-তিন বছর সময় নেব। সারা বাংলায় পাকা বাড়ি করে দেব। টাকাটা জোগাড় করতে হবে।"বৃহস্পতিবার একটি বৈঠকের শেষে মমতা লক্ষ্মীর ভাণ্ডার, বিধবা ভাতার মতো নানা প্রসঙ্গে একাধিক ঘোষণা করেন।এই সময় তিনি দলের নেতাদের উদ্দেশ্যে দেন বার্তা। একইসঙ্গে আবাস যোজনার বাড়ি তৈরি নিয়ে এদিন মুখ্যমন্ত্রী বলেন, "নিজের নামে প্রোগ্রাম এটা সাপোর্ট করি না। কিন্তু আমি যখন কথা দিই, আমি সেটা করে দিই। আমার দায়বদ্ধতা মানুষের কাছে। তারপর দলের কাছে। এটা বাংলার বাড়ি হবে। টাকাটা যখন আমরা দিচ্ছি তখন আমাদের নামেই হবে।

সুফল বাংলা আরও বাড়াতে হবে।"

## জেলের মধ্যেই অর্পিতার কাছে এলো দু:স্বংবাদ



বেবি চক্রবর্ত্তী:কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ২০২২ সালের ২৩ জুলাই। রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চ্যাটার্জি ঘনিষ্ঠ অর্পিতার বাড়িতে হানা দেয় কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। তাঁর একাধিক বাড়িতে হানা দিয়েছিলেন তদন্তকারী আধিকারিকরা। টালিগঞ্জের বাড়ি থেকে তল্লাশি চালিয়ে ইডি উদ্ধার করেছিল ২১ কোটি ৯০ লক্ষ নগদ টাকা।সঙ্গেই উদ্ধার হয় বিপুল পরিমাণে গয়না। ইডির হাতে গ্রেপ্তার হয়েছিলেন অর্পিতা, পরে তাঁর বেলঘরিয়ার বাড়ি থেকেও প্রায় ২৮কোটি টাকা, বিপুল অয়না উদ্ধার হয়। তখন থেকেই জেলবন্দি তিনি।দীর্ঘদিন জেলে থেকেছেন। জেলেই এসেছে দুঃসংবাদ। সূত্রের খবর, বুধবার বাড়িতেই প্রয়াত হয়েছেন অর্পিতার মা। দীর্ঘদিন অসুস্থ ছিলেন তিনি, সূত্রের খবর তেমনটাই। মাতৃবিয়োগের খবর পৌঁছনোয় কান্নায় ভেঙে পড়েন তিনি। মায়ের প্রয়ানের খবর পেয়েই প্যারোলে মুক্তির আবেদন জানান, বৃহস্পতিবার বিশেষ আদালত তাঁর পাঁচ দিনের প্যারোলে মুক্তির আবেদন মঞ্জুর করেছে। অর্পিতার গ্রেপ্তারির পর, সেই সময়ে চর্চায় এসেছিলেন তাঁর মাও। বেলঘরিয়ায় অর্পিতার মা থাকতেন বলেই জানা গিয়েছে। মায়ের পারলৌকিক কাজে যোগ দেওয়ার জন্য পাঁচ দিনের মুক্তি মঞ্জুর হয়েছে অর্পিতার। দীর্ঘ সময় পর, প্যারোলে মুক্তি পেয়ে জেলের বাইরে বেরোবেন নিয়োগ দুর্নীতি মালায় অভিযুক্ত, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী ঘনিষ্ঠ অর্পিতা। এখন পার্থ চ্যাটার্জি এবং অর্পিতার মামলা বিচারাধীন রয়েছে আদালতে।

## এইবার বড়ো বিপদে পড়তে চলেছে বিনীত গোয়েল



বেবি চক্রবর্ত্তী: কলকাতা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতার প্রাক্তন পুলিশ কমিশনার বিনীত গোয়েলের বিরুদ্ধে আরজি কর কাণ্ডের তথ্যপ্রমাণ লোপাটের জনস্বার্থ মামলায় ডিওপিডি (ডিপার্টমেন্ট অফ পার্সোনাল অ্যান্ড ট্রেনিং) কে মামলা থেকে অব্যাহতি দিল কলকাতা হাইকোর্ট। পাশাপাশি এ বিষয়ে বৃহস্পতিবার রিপোর্টও দেয় কেন্দ্ররাজ্য ব্যর্থ হলে কেন্দ্রের ভূমিকা থাকে। কেন্দ্রের এই জবাবে সব পক্ষের কাছে হলফনামা তলব করে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। আগামী ২৩ ডিসেম্বর মামলার পরবর্তী শুনানি।

আরজি কর কাণ্ডের তথ্য প্রমাণ লোপাটের মূল কারিগর বিনীত গোয়েল। নিজের ক্ষমতার অপব্যবহার করে তিনি নির্যাতিতার ঘটনার তথ্য লোপাট করেছেন, এই অভিযোগে কলকাতা হাইকোর্টে জনস্বার্থ মামলা দায়ের হয়।

বৃহস্পতিবারের শুনানিতে কেন্দ্রের তরফ থেকে রিপোর্ট

এরপর ৩ পাতায়







## পুলিশকে লক্ষ্য করে ইট, পাল্টা ফাটছে সেল!

# ছোট্ট ইস্যুতে জল গড়াল বহুদূর, অগ্নিগর্ভ কল্যাণী, নামল RAF

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিজেপি বিধায়ককে গ্রেফতার করেছে পুলিশ। পুলিশের ওপর ক্ষোভ আছড়ে পড়েছে কর্মী সমর্থকদের। পুলিশকে লক্ষ্য করে চলছে ইটবৃষ্টি। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পাল্টা লাঠিচার্জ। নামানো হয়েছে RAF। ঘটনাকে গিরে উত্তপ্ত কল্যাণী।রীতিমতো রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। পুলিশকে লক্ষ্য করে চলতে থাকে ইটবৃষ্টি। ভাঙচুর করা হয় মোটরবাইক ও বেশ কিছু জিনিসপত্র। পুলিশের পক্ষ থেকে রপাল্টা কাদানে গ্যাস ছোড়া হয়। শেষ পাওয়া খবর অনুযায়ী, এখনও এলাকায় উত্তেজনা রয়েছে। RAF মোতায়েন।জানা যাচ্ছে, ঘটনার সূত্রপাত পৌরসভার ৬ নম্বর ওয়ার্ডের ডাম্পিং গ্রাউন্ড ঘিরে।ডাম্পিং গ্রাউন্ড তৈরি করাকে কেন্দ্র করেই বিবাদের সূত্রপাত। স্থানীয় বাসিন্দাদের বক্তব্য, এলাকার মাঝে ডাম্পিং গ্রাউন্ড করা যাবে না। তা নিয়ে দীর্ঘদিন ধরেই প্রতিবাদ চলছিল। বৃহস্পতিবার সেই প্রতিবাদে সামিল হয়েছিলেন বিজেপি বিধায়ক অম্বিকা রায়।

বৃহস্পতিবার ডাম্পিং গ্রাউন্ডের পাঁচিল দেওয়ার কাজ শুরু করে পৌরসভা। তখন এলাকার মানুষ বিক্ষোভ দেখায়। খবর পেয়ে ঘটনাস্থলে যান বিজেপি বিধায়ক। অভিযোগ, পৌরসভার কর্মীদের কাজে বাধা দেন তিনি। উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে যায় পুলিশ। সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগে বিজেপি বিধায়ককে গ্রেফতার করে পুলিশ। আর তারপরই পরিস্থিতি আও উত্তপ্ত হয়ে ওঠে।

১-ম পাতার পর

# বাড়ানো হোক লক্ষ্মীর ভাণ্ডার, মমতাকে অনুরোধ বিজেপি সাংসদের

থেকে ৫০ কোটি টাকা উদ্ধারের প্রসঙ্গও টেনে এনেছেন। তাঁর দাবি, তৃণমূলের নেতা ঘনিষ্ঠদের কাছ থেকে কোটি-কোটি টাকা উদ্ধার হয়েছে। সিবিআই-ইডি তদন্তে দেখা গিয়েছে, তাঁরা সকলেই দুর্নীতির সঙ্গে যুক্ত। সাংসদের কথায়, "এই টাকা সঠিকভাবে বয়বহার করা হলে মাসে-মাসে মহিলাদের ২ হাজার টাকা দেওয়া কঠিন হবে না। অনুদান বৃদ্ধি হলে তবে লক্ষ্মীর ভাণ্ডারের প্রকৃত উদ্দেশ্যসাধন হবে। অন্যথায় এটা স্রেফ ভোট কেনার হাতিয়ার হয়েই থেকে যাবে।"

১-ম পাতার পর

# বাংলায় আলুর দাম বাড়িয়ে অন্য জায়গা থেকে মুনাফা লুটবে, এ জিনিস বরদাস্ত করব না: মুখ্যমন্ত্রী

দিয়েছেন রাজ্যের প্রশাসনিক প্রধান। অবিলম্বে সীমান্ত সিল করার নির্দেশও দিয়েছেন তিনি। মমতা বন্দ্যোপাধ্যায়ের কথায়, "আমি তো বাংলা থেকে আলু ছাড়ছিলামও। কিন্তু কী বলেছিলাম? বাংলার প্রয়োজন মিটিয়ে বিক্রি করুন, আমার তাতে কোনও আপত্তি নেই। কিন্তু কী দেখলাম? বাংলায় আলুর দাম বাড়িয়ে ভিন রাজ্যে আলু পাঠিয়ে বাড়তি মুনাফা লুটার চেষ্টা! এটা তো বরদাস্ত করব না।"মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, আলু উৎপাদনে আমরা স্বনির্ভরশীল। তবু আমাদের রাজ্যের মানুষকে কেন বাড়তি দাম দিয়ে আলু কিনে খেতে হবে? এরপরই প্রশাসনের শীর্ষ কতার্দের রীতিমতো হুঁশিয়ারি দিয়ে মমতা বলেন, "আমি তো বলেছিলাম, তোমাদের আলু যদি অতিরিক্ত হয়েও যায় আইসিডিএস, মিড ডে মিলে নিয়ে নেব। তারপরও কীভাবে বাংলার মানুষকে বিপদে ফেলে বাইরে আলু পাঠানোর সাহস হয়? এখনই পদক্ষেপ করুন।"

১-ম পাতার পর

# শুধু নেগেটিভ খবর করলে মন খুলে মিটিং করব কী করে, এমন করলে আর ডাকব না: মুখ্যমন্ত্রী

করে?'এখানেই না থেমে তিনি আরও বলেন, 'স্বচ্ছভাবে মিটিং না করলে, কাজের কথা না জানালে, সবাই জানবে কী করে? তাই তো এই মিটিং প্রকাশ্যে করি। নাহলে জনগণই বা জানবে কী করে আমরা কী করছি, কোনটা ভুল, কোনটা ঠিক।'

এতেও শেষ নয়। তিনি সরাসরি বলেন, 'কোনও কোনও চ্যানেল আমার একেবারে বিরুদ্ধে। পরের বার থেকে তাহলে তাঁদের আর ডাকব না মিটিংয়ে। তাঁরা সংগ্রহ করে খবর করবেন নিজেদের মতো।'

# শুরু তৃতীয় বিশ্বযুদ্ধ! ইউক্রেনে ভয়ঙ্কর শক্তিশালী ICBM ক্ষেপণাস্ত্র হামলা চালাল রাশিয়া



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আশঙ্কাই সত্যি হল। মার্কিন ক্ষেপণাস্ত্র হামলার বদলা নিতে বৃহস্পতিবার (২১ নভেম্বর) ইউক্রেনকে লক্ষ্য করে ভয়ঙ্কর শক্তিশালী ইন্টার কন্টিনেন্টাল ব্যালিস্টিক মিসাইল (আইসিবিএম) ছুড়ল রুশ সেনারা। ইউক্রেনের সঙ্গে যুদ্ধ শুরু হওয়ার পরে এই প্রথম আন্তঃ মহাদেশীয় ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলা চালাল মস্কো।মার্কিন ক্ষেপণাস্ত্র হামলার পাল্টা জবাব দিতে এদিন সকাল পাঁচটা থেকে সাতটার মধ্যে ইউক্রেনকে লক্ষ্য করে বেশ কয়েকটি আইসিবিএম ছোড়ে রুশ সেনা। অস্ত্ররাখান এলাকায় ওই হামলা চালানো হয়। রাশিয়ার আইসিবিএম হামলার কথা স্বীকার করলেও কোনও ক্ষয়ক্ষতি হয়েছে কিনা তা নিয়ে বিস্তাররিত কিছু জানাতে চায়নি ইউক্রেনের বায়ু সেনা। কূটনীতিবিদ এবং প্রতিরক্ষা বিশেষজ্ঞরা মনে করছেন, ইউক্রেন এবং দেশটির মিত্র রাষ্ট্রগুলিকে বিশেষ বার্তা দিতেই আইসিবিএম ব্যবহার করেছে ভ্লাদিমির পুতিনের দেশ। আর ওই হামলা তৃতীয় বিশ্বযুদ্ধের দামামা বাজিয়ে দিয়েছে।

রুশ ও ইউক্রেনের যুদ্ধ ইতিমধ্যেই ১,০০০ দিন পার করেছে। সম্প্রতি ভোলদিমির জেলেনস্কির দেশকে রাশিয়ায় মার্কিন যুক্তরাষ্ট্রের দেওয়া ক্ষেপণাস্ত্র হামলা চালানোর অনুমোদন দিয়েছিলেন আমেরিকার বিদায়ী প্রেসিডেন্ট জো বাইডেন। শুধু তাই নয়, মানুষ মারার জন্য মাইন ব্যবহারেরও অনুমতি দেওয়া হয়েছে। আমেররিকার ওই সিদ্ধান্তে বেজায় চটেছেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। গত মঙ্গলবারই (১৯ নভেম্বর) তিনি শত্রুপক্ষকে লক্ষ্য করে পরমাণু অস্ত্র ব্যবহারের অনুমতি দিয়েছিলেন। সেই অনুমতি দেওয়ার কয়েক ঘন্টার মধ্যেই রাশিয়ার ভূখণ্ড লক্ষ্য করে আমেরিকার দেওয়া ক্ষেপণাস্ত্র ছুড়েছিল ইউক্রেন প্রতিরক্ষা বাহিনী। যদিও সব কয়টি ক্ষেপণাস্ত্র ভূপতিত করেছিল রুশ সেনারা।

২ পাতার পর

# এইবার বড়ো বিপদে পড়তে চলেছে বিনীত গোয়েল

দিয়ে জানানো হয়, যে সব আইপিএস-রা রাজ্যে কর্মরত, তাঁদের বিরুদ্ধে কোনও অভিযোগ উঠলে, তার বিবেচনা করার দায় থাকে রাজ্যের উপর। তবে রাজ্য যদি তাতে ব্যর্থ হয়, তখন কেন্দ্রের কাছে আপিল করাই যায়। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক যদি মনে করে, এটা বিভাগীয় তদন্ত করতে পারে, সেই অনুযায়ী ব্যবস্থা করা হতে পারে।

# ভারত-ক্যারিকম দ্বিতীয় শীর্ষ সম্মেলনের সমাপ্তি অধিবেশনে প্রধানমন্ত্রীর ভাষণ

**নয়াদিল্লি, ২১ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :**

সুধীবৃন্দ,

এই সম্মেলনে যে মূল্যবান পরামর্শ এবং ইতিবাচক চিন্তাভাবনা আপনারা প্রত্যেকে আমাদের সঙ্গে ভাগ করে নিয়েছেন তার জন্য সকলকে ধন্যবাদ জানাই। ভারতের প্রস্তাবগুলির নিরিখে আমি বলতে পারি, আমার দলের সদস্যরা সবগুলি বিষয় নিয়ে বিস্তারিতভাবে আপনাদের সঙ্গে আলোচনা করবেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে এগুলিকে বাস্তবায়নের জন্য কাজ করবেন।

সুধীবৃন্দ,

আমাদের অতীতের অভিজ্ঞতা, বর্তমান সময়ের চাহিদা এবং ভবিষ্যতের জন্য অভিন্ন উচ্চাকাঙ্ক্ষার ওপর ভিত্তি করে ভারত ও ক্যারিকম গোষ্ঠীভুক্ত রাষ্ট্রগুলির মধ্যে সম্পর্ক গড়ে উঠেছে।

এই সম্পর্ককে নতুন এক উচ্চতায় পৌঁছে দিতে ভারত অঙ্গীকারবদ্ধ। আমাদের সব ধরনের উদ্যোগেই আমরা বৈশ্বিক দক্ষিণ (গ্লোবাল সাউথ)-এর বিভিন্ন চাহিদাকে অগ্রাধিকার দিই।

ভারতের সভাপতিত্বে গত বছর জি-২০ গোষ্ঠী বৈশ্বিক দক্ষিণের কণ্ঠস্বর হয়ে উঠেছিল। ব্রাজিলে গতকালও আমি আন্তর্জাতিক সম্প্রদায়কে বৈশ্বিক দক্ষিণের রাষ্ট্রগুলিকে অগ্রাধিকার দেওয়ার জন্য আহ্বান জানিয়েছি।

আমি অত্যন্ত আনন্দিত যে ভারত এবং ক্যারিকম গোষ্ঠীভুক্ত আমাদের সকল বন্ধু রাষ্ট্র মনে করে, আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলির সংস্কার অত্যন্ত জরুরি।

এই প্রতিষ্ঠানগুলির আজকের বিশ্বের এবং সমাজের চাহিদা অনুযায়ী সংস্কারের প্রয়োজন, বর্তমান সময়ের প্রেক্ষাপটে যা অত্যন্ত জরুরি। একে কার্যকর

এরপর ৪ পাতায়

২ পাতার পর

# ইতালি-ভারত যৌথ কৌশলগত পরিকল্পনা ২০২৫-২০২৯

বণিক সভাগুলির মধ্যে ঘনিষ্ঠ সংযোগ গড়ে তোলার বিষয়টিও এই কর্মপরিকল্পনার মধ্যে রয়েছে। সেইসঙ্গে গাড়ি শিল্প, সেমি-কন্ডাক্টর, পরিকাঠামো এবং উন্নত নির্মাণ ক্ষেত্রে বাণিজ্যিক সহযোগিতা সম্প্রসারণ বিষয়টিও যুক্ত করা হয়েছে। পারস্পরিক যোগাযোগ প্রসারের লক্ষ্যে জলবায়ু পরিবর্তন এবং পরিবেশগত সুস্থিতির দিকে তাকিয়ে সুস্থায়ী পরিবহনের ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণ, জলপথ এবং স্থলপথে পরিকাঠামো সম্প্রসারণের বিষয়টি প্রাধান্য পেয়েছে যা ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপীয় অর্থনৈতিক করিডরের কাঠামোর অন্তর্ভুক্ত। সেক্ষেত্রে জলপথ ও বন্দরের বিষয়ে সহযোগিতা নিয়ে চুক্তিও এর অন্তর্ভুক্ত। ক্রিটিক্যাল প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণ সহ উভয় দেশের মধ্যে টেলিকম, কৃত্রিম মেধা, ডিজিটাল পরিষেবা ক্ষেত্রে মূল্য শৃঙ্খল সহযোগিতা গড়ে তোলা। চতুর্থ প্রজন্মের শিল্প, অত্যাধুনিক নির্মাণ, স্বচ্ছ জ্বালানী, ক্রিটিক্যাল খনিজ উত্তোলন ও পরিশোধন, উভয় দেশের মধ্যে এসএমই ও স্টার্টআপ সহ শিক্ষা ও শিল্প ক্ষেত্রে সহযোগিতার নানা রাস্তা খুঁজে বের করা হবে। ইতালি ও ভারতের মধ্যে জাতীয় স্তরে গবেষণার অগ্রাধিকারের নিরিখে উদ্ভাবন এবং গবেষণা ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণ সেইসঙ্গে ভারত-প্রশান্ত মহাসাগরীয় উদ্যোগের পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়কেও প্রাধান্য দেওয়া হয়েছে। স্টেম প্রযুক্তি ক্ষেত্রে শিক্ষা ও গবেষণার সুযোগ সম্প্রসারণ, স্কলারশিপ এবং বৈজ্ঞানিক সংগঠন ও যৌথ প্রকল্পের ক্ষেত্রে সহযোগিতার ক্ষেত্র তরান্বিত করার বিষয়টি প্রাধান্য পেয়েছে। দু-দেশের বিভিন্ন স্টার্টআপ, উদ্ভাবনী পরিমণ্ডল, ফিনটেক, শিক্ষা প্রযুক্তি, স্বাস্থ্য ক্ষেত্র, লজিস্টিক্স, সরবরাহ শৃঙ্খল, কৃষি প্রযুক্তি, চিপের নকশা, এবং গ্রিন এনার্জি ক্ষেত্রে পারস্পরিক আলোচনার ক্ষেত্র গড়ে তোলা হবে। সেইসঙ্গে বৈজ্ঞানিক উদ্ভাবন এবং বিভিন্ন শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠানগুলির মধ্যে সহযোগিতার পরিমণ্ডলের বিভিন্ন সুযোগ খতিয়ে দেখার বিষয়টিও এর মধ্যে রয়েছে। ২০২৫-২৭ সালের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তি সহযোগিতার বিভিন্ন কর্মপরিকল্পনা রূপায়ণের বিষয়টি এ বছর কার্যকর করা হবে। মহাকাশ ক্ষেত্রে ইতালির মহাকাশ সংস্থা (এএসআই) এবং ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা-ইসরোর মধ্যে সহযোগিতার সম্প্রসারণ ঘটানো হবে, পৃথ্বী পর্যবেক্ষণে পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন প্রকল্পকে যুক্ত করা ছাড়াও চন্দ্র বিজ্ঞানের ওপর জোর দিয়ে মহাকাশ পর্যবেক্ষণের বিভিন্ন প্রকল্পকে যুক্ত করা হবে। মহাকাশ ক্ষেত্রে গবেষণা এবং বাণিজ্যিক মহাকাশ সহযোগিতার ক্ষেত্রে বৃহৎ শিল্প, এমএমএমই এবং স্টার্টআপকে যুক্ত করার বিষয়টি অন্তর্ভুক্ত হয়েছে। ২০২৫-এর মাঝামাঝি মহাকাশ শিল্প সংক্রান্ত ইতালির এক প্রতিনিধি দলে ভারত সফরের পরিকল্পনা রয়েছে। যার উদ্দেশ্য মহাকাশ পর্যবেক্ষণ, গবেষণা এবং বাণিজ্যিক সহযোগিতা গড়ে তোলা। শক্তি রূপান্তরের ক্ষেত্রে পারস্পরিক শিল্প পরিমণ্ডল ও শিল্প সহযোগিতা ক্ষেত্রকে প্রসারিত করার বিষয়টি গুরুত্ব পাচ্ছে। সেইসঙ্গে আধুনিক প্রযুক্তির প্রসার ঘটানো, বিশ্ব জৈব জ্বালানী জোট এবং আন্তর্জাতিক সৌর জোটকে শক্তিশালী করতে একযোগে কাজ করা, উদ্ভাবনী গ্রিড উন্নয়ন সমাধান সূত্র এবং পুনর্নবীকরণযোগ্য শক্তি নিয়ে নিয়মবিধির বিষয়টি নিয়ে পারস্পরিক তথ্য লেনদেন করা হবে। প্রতিরক্ষা সহযোগিতার প্রশ্নে যৌথ প্রতিরক্ষা পরামর্শদাতা কমিটির বৈঠক বার্ষিক ভিত্তিতে আয়োজন করা, সেইসঙ্গে তথ্য বিনিময়ে সমন্বয় এবং পারস্পরিক দেশ সফর ও প্রশিক্ষণ সহযোগিতার বিন্যাস ঘটানো হবে। ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় এলাকায় উভয় দেশের সশস্ত্র বাহিনী নিয়ে পারস্পরিক আলোচনা, সহযোগিতা সমন্বয় ব্যবস্থাপনা গড়ে তোলা হবে। এছাড়াও প্রযুক্তি সহযোগিতা, যৌথ উৎপাদন এবং প্রতিরক্ষা মঞ্চ এবং যন্ত্রাংশের ক্ষেত্রে যৌথ উন্নয়নের বিষয়টি প্রাধান্য পেয়েছে। সমুদ্র ক্ষেত্রে সহযোগিতা সম্প্রসারণ এবং সমুদ্র ক্ষেত্রে দূষণ প্রতিরোধ মূলক ব্যবস্থা গড়ে তোলা হবে। এছাড়াও উভয় দেশের প্রতিরক্ষা মন্ত্রকের মধ্যে প্রতিরক্ষা শিল্প নকশা এবং সোসাইটি অফ ইন্ডিয়ান ডিফেন্স ম্যানুফ্যাকচারার্স এবং ইতালির ইন্ডাস্ট্রিস ফেডারেশন ফর এয়ারোস্পেস, ডিফেন্স অ্যান্ড সিকিউরিটির মধ্যে সমঝোতাচুক্তির প্রসার ঘটানো সহ প্রতিরক্ষা গবেষণা ক্ষেত্রে দু-দেশের বৈজ্ঞানিক এবং প্রযুক্তি বিশেষজ্ঞদের মধ্যে নিয়মিত আলোচনা এতে প্রাধান্য পেয়েছে। নিরাপত্তা সহযোগিতার বিষয়ে সাইবার সুরক্ষা এবং সাইবার অপরাধের মতো বিষয়গুলি নিয়ে পারস্পরিক দক্ষতার প্রসার, মতবিনিময় সেইসঙ্গে নীতিগত ক্ষেত্রে নিয়মিত সংস্কার, প্রশিক্ষণের সুযোগ সম্প্রসারণ, বহুপাক্ষিক স্তরে সহযোগিতার ক্ষেত্র প্রসারের ওপর জোর দেওয়া হয়েছে। আন্তর্জাতিক সন্ত্রাসবাদ এবং অপরাধ দমন নিয়ে উভয় দেশের যৌথ কর্মীগোষ্ঠীর বার্ষিক দ্বিপাক্ষিক বৈঠক চলবে। সন্ত্রাসবাদ প্রতিরোধের ক্ষেত্রে সহযোগিতাকে জোরদার করার পাশাপাশি আঞ্চলিক ও আন্তর্জাতিক মঞ্চেও এ বিষয়ে পারস্পরিক সহযোগিতা করা হবে। পুলিশ, সুরক্ষাকর্মীদের দক্ষতা বৃদ্ধির প্রশ্নে পারস্পরিক সহযোগিতা নিয়ে উভয় দেশের আইনী বিষয়ে সহযোগিতার বিষয়টিকে শক্তিশালী করা হবে। সন্ত্রাস দমনের ক্ষেত্রে পারস্পরিক তথ্য বিনিময়ের বিষয়টিকে গুরুত্ব দেওয়া হয়েছে। অভিবাসন এবং চলাচল ক্ষেত্রে শ্রমিক প্রশিক্ষণ এবং নিযুক্তিকরণ প্রক্রিয়ায় স্বচ্ছতা বিধানের পাশাপাশি বৈধ অভিবাসনের নিরাপদ প্রসারে জোর দেওয়া হয়েছে। ভারতে স্বাস্থ্য পেশাদারদের প্রশিক্ষণ নিয়ে একটি পাইলট প্রকল্প গ্রহণ করা হবে। পরবর্তীকালে ইতালিতে তাদের কর্মক্ষেত্রে নিয়োগের বিষয়টিও তাতে যুক্ত থাকছে। উচ্চশিক্ষা ক্ষেত্রে উভয় দেশের প্রশাসনিক ক্ষেত্রে চুক্তির ভিত্তিতে দু-দেশে ছাত্র, গবেষক বিনিময় ব্যবস্থা বাড়ানো হবে। সেইসঙ্গে সংস্কৃতি, চলচ্চিত্র, পর্যটন এবং মানুষে মানুষে সংযোগের প্রসার ঘটানো হবে। উভয় দেশের বিশ্ববিদ্যালয় এবং উচ্চশিক্ষা প্রতিষ্ঠানগুলির মধ্যে সহযোগিতা প্রসারের পাশাপাশি কারিগরী এবং বৃত্তিমূলক শিক্ষায় সহযোগিতা সম্প্রসারণ ঘটানো হবে। উভয় দেশের জাদুঘরগুলির মধ্যে যৌথ উদ্যোগ স্থাপনের মধ্যে দিয়ে পারস্পরিক সাংস্কৃতিক এবং জ্ঞানের পরিধির প্রসার ঘটানো হবে। যৌথ উদ্যোগে দু-দেশের মধ্যে চলচ্চিত্র নির্মাণের প্রসার এবং প্রাচীন ও ঐতিহ্যবাহী ক্ষেত্র এবং গৃহগুলির সংস্কার এবং সংরক্ষণে দ্বিপাক্ষিক সহযোগিতা জোরদার করা হবে। উভয় দেশের মধ্যে পর্যটন প্রসার এবং পর্যটক সংখ্যা বৃদ্ধির ওপর জোর দেওয়া হচ্ছে। দু-দেশের মধ্যে সাংস্কৃতিক সম্বন্ধকে স্থায়ী বন্ধুত্বের বন্ধনে বাঁধতে ভারতীয় এবং ইতালীয় সম্প্রদায়ের অবদানকে স্বীকৃতি দেওয়া, সেইসঙ্গে ২০২৩ সালে স্বাক্ষরিত সাংস্কৃতিক সহযোগিতার ক্ষেত্রে কর্মসূচি রূপায়ণের বিষয়টিও তুলে ধরা হয়েছে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩১৪ সংখ্যা ২২ নভেম্বর, ২০২৪ শুক্রবার ০৬ অগ্রহায়ণ, ১৪৩১

## সম্পাদকীয়

# চিলির রাষ্ট্রপতির সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ব্রাজিলে রিও ডি জেনেইরো-তে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে ১৯ নভেম্বর চিলির রাষ্ট্রপতি শ্রী গ্যাব্রিয়েল বোরিক ফন্টের সঙ্গে সাক্ষাৎ করেছেন। উভয় নেতার মধ্যে এটিই প্রথম সাক্ষাৎ।

বৈঠকে তাঁরা দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেছেন এবং দুই দেশের মধ্যে সহযোগিতা বৃদ্ধির জন্য বিভিন্ন উদ্যোগকে চিহ্নিত করেছেন। প্রধানমন্ত্রী ডিজিটাল জন-পরিকাঠামো, স্বাস্থ্য, তথ্যপ্রযুক্তি, বিজ্ঞান ও প্রযুক্তি, মহাকাশ, পুনর্নবীকরণযোগ্য জ্বালানী এবং প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের সাফল্যের কথা তুলে ধরেন এবং সংশ্লিষ্ট ক্ষেত্রগুলিতে সেই অভিজ্ঞতা চিলির সঙ্গে ভাগ করে নেওয়ার আগ্রহ প্রকাশ করেছেন।

উভয় পক্ষই বিরল মৃত্তিকা (ক্রিটিক্যাল মিনারেলস)-র ক্ষেত্রে সহযোগিতা বৃদ্ধি এবং পারস্পরিক স্বার্থ বজায় রেখে একযোগে কাজ করার বিষয়ে সহমত পোষণ করেন। ভারত-চিলি প্রেফারেন্সিয়াল ট্রেড এগ্রিমেন্ট-এর প্রসার ঘটানোর ফলে এই বাণিজ্য চুক্তির বিষয়ে তাঁরা সন্তোষ প্রকাশ করেছেন। নতুন নতুন সুযোগগুলিকে এই চুক্তিতে কিভাবে অন্তর্ভুক্ত করা যায়, তা নিয়ে আলাপ-আলোচনার ওপর গুরুত্ব দিয়েছেন। চিলির ওষুধ নির্মাণ শিল্প, ইঞ্জিনিয়ারিং, পণ্য, গাড়ি নির্মাণ শিল্প এবং রাসায়নিক শিল্পে উন্নতমানের ব্যয়সাশ্রয়ী কাঁচামাল সরবরাহের ক্ষেত্রে ভারতের আগ্রহ প্রধানমন্ত্রী পুনর্ব্যক্ত করেন।


শিক্ষা, সংস্কৃতি এবং চিরাচরিত জ্ঞানের ক্ষেত্রে সম্ভাব্য সহযোগিতার বিষয়গুলি নিয়েও দুই নেতা মতবিনিময় করেছেন। দ্বিপাক্ষিক সহযোগিতাকে আরও শক্তিশালী করে তোলার জন্য তাঁরা নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রাখার বিষয়ে সহমত পোষণ করেছেন।

# মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার

(নবম পর্ব)




মাহেশ্বরী।।
ক্ষুধা ত্বং সর্ব্বভূতানাং বেলা
ত্বং সাগরস্য চ।
নবমী শুক্লপক্ষস্য
কৃষ্ণাস্যৈকাদশী পরা।।
দক্ষস্য দুহিতা দেবী
দক্ষযজ্ঞবিনাশিণী।
রামস্য জানকী ত্বং হি
রাবণাধ্বংসকারিণী।।
চন্ডমুন্ডবধে দেবী
রক্তবীজবিনাশিনী।
নিশুম্ভশুম্ভমথনী
মধুকৈটভঘাতিনী।।
বিষ্ণুভক্তির্প্রদা দুর্গা সুখদা
মোক্ষদা সদা।
আদ্যাস্তবমিমং পূণ্যং যঃ
পঠেৎ সততং নরঃ।।
সর্ব্বজ্বর ভয়ং ন স্যাৎ
সর্ব্বব্যাধিবিনাশনম্।
কোটিতীর্থফলং তস্য লভতে
নাত্র সংশয়ঃ।।
জয়া মে চাগ্রতঃ পাতুবিজয়া
পাতু পৃষ্ঠতঃ।
নারায়ণী শীর্ষদেশে সর্ব্বাঙ্গে
সিংহবাহিনী।।
শিবদূতী উগ্রচন্ডা প্রত্যঙ্গে
পরমেশ্বরী।
বিশালাক্ষী মহামায়া কৌমারী
শঙ্খিণী শিবা।।
চক্রিণী জয়দাত্রী চ রণমত্তা
রণপ্রিয়া।
দুর্গা জয়ন্তী কালী চ ভদ্রকালী
মহোদরি।।
নারসিংহী চ বারাহী
সিদ্ধিদাত্রী সুখপ্রদা।
ভয়ঙ্করী মহারৌদ্রী মহাভয়
বিনাশিণী।।
ইতি ব্রহ্মযামলে ব্রহ্মনারদ
সংবাদে
আদ্যাস্তোত্রম্ সমাপ্তম্ ।।

আদ্যাপীঠের ভোগ

আদ্যাপীঠের ভোগে রয়েছে বিশেষ বৈশিষ্ট্য। দেবী আদ্যার জন্য সাড়ে ২২ সের চাল রান্না হয়। রাধাকৃষ্ণের জন্য সাড়ে ৩২সের চাল বরাদ্দ রয়েছে এবং রামকৃষ্ণ

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সুন্দরবনে শুরু হলো বাঘ শুমারির কাজ



**সুশোভন মিস্ত্রী, সুন্দরবন**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : ভারতীয় ভূখন্ডের সুন্দরবনে বাঘের সংখ্যা ঠিক কতটা? তা সঠিক ভাবে নির্ধারণের জন্য গণনার কাজ শুরু হল। গণনার কাজে ব্যবহার করা হবে ট্র্যাপ ক্যামেরা। বৃহস্পতিবার থেকে ক্যামেরা বসানোর কাজ শুরু হল। চলবে আগামী ২৬ নভেম্বর পর্যন্ত। সুন্দরবনের গাঢ় জঙ্গল থেকে ক্যামেরা তোলার কাজ শুরু হবে আগামী ২০২৫ বর্ষের ৬ জানুয়ারী। শেষ হবে ১২ জানুয়ারী। অর্থাৎ ক্যামেরাগুলো সুন্দরবন জঙ্গলে ৪৫ দিন বসানো থাকবে। দক্ষিণ ২৪ পরগনা বনবিভাগ সূত্রে খবর, মাতলা রেঞ্জের অধীনে ৪০ টি ট্র্যাপ ক্যামেরা বসানো হবে।

# মোদি-আদানি দু'জনই দুর্নীতিগ্রস্ত: সংবাদ সম্মেলনে রাহুল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : প্রতারণার মামলায় ভারতের আদানি গ্রুপের চেয়ারম্যান, বিশ্বের অন্যতম শীর্ষ ধনী গৌতম আদানির বিরুদ্ধে অভিযোগ গঠন করেছে মার্কিন যুক্তরাষ্ট্রের একটি আদালত।

এ ঘটনার পর আদানিকে অবিলম্বে গ্রেপ্তারের দাবি তুলেছেন কংগ্রেস নেতা রাহুল গান্ধী। বৃহস্পতিবার কংগ্রেস সদর দফতরে সংবাদ সম্মেলনে এই দাবি জানান তিনি। রাহুল বলেন, আদানির হয়ে আগাগোড়া তাঁবেদারি করে চলা ও দুর্নীতির সঙ্গী ভারতের শেয়ার বাজার নিয়ন্ত্রক সংস্থা 'সেবি'-এর প্রধান মাধবী পুরী বুচের বিরুদ্ধেও দ্রুত তদন্ত শুরু করা দরকার।

তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও গৌতম আদানি দু'জনেই দুর্নীতিগ্রস্ত। এখনই আদানিকে গ্রেফতার করে জিজ্ঞাসাবাদ করা দরকার। কিন্তু আদানিকে গ্রেফতারের ক্ষমতা মোদির নেই। কারণ, তিনি নিজেই রয়েছেন আদানির নিয়ন্ত্রণে। রাহুল বলেন, নরেন্দ্র মোদিই আদানিকে সব সময় সুরক্ষা দিয়ে চলেছেন।

যুক্তরাষ্ট্রের নিউইয়র্কের ইস্টার্ন ডিস্ট্রিক্টের ইউএস অ্যাটর্নি অফিস থেকে জারি করা এক বিবৃতিতে গৌতম আদানিসহ অন্য কয়েকজনকে কর্মকর্তাদের ঘুষ দেওয়ার জন্য অভিযুক্ত করা হয়। অভিযোগ, এক সৌর শক্তি প্রকল্প পেতে ভারতীয় সরকারি কর্তাদের তারা ২ হাজার ২৩৭ কোটি রুপি ঘুষ দিয়েছিলেন। প্রকল্পের বিনিয়োগকারী ও ব্যাংক কর্তৃপক্ষের কাছে তারা এই তথ্য গোপন করেছিলেন। আন্তর্জাতিক বিনিয়োগকারীদের কাছ থেকে বন্ড মারফত লগ্নির চেষ্টা করেছিলেন। এবং সে সময় ঘুষের বিষয়টি চেপে গিয়েছিলেন।

গৌতম আদানি ছাড়াও ঘুষকাণ্ডে অভিযুক্ত হয়েছেন তার ভাইপো সাগর আদানি। আর আছেন আদানি গ্রিণ এনার্জি লিমিটেডের সিইও বিনীত জৈন, রঞ্জিত গুপ্ত, রুপেশ আগরওয়াল, অস্ট্রেলিয়া ও ফ্রান্সের নাগরিক সিরিল ক্যাবানেস, সৌরভ আগরওয়াল ও দীপক মালহোত্রা।

গৌতম আদানি ও সাগর আদানির বিরুদ্ধে যুক্তরাষ্ট্রের ব্রুকলিন ফেডারেল কোর্ট গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।

আদানির বিরুদ্ধে রাহুল অনেকদিন ধরেই দুর্নীতির অভিযোগ করে আসছেন। ভারতীয় সংসদেও তিনি বারবার মোদিআদানি সম্পর্ক নিয়ে সরব হয়েছেন। বুধবার শেষ রাতে যুক্তরাষ্ট্র থেকে এই খবর আসার পর বৃহস্পতিবারই রাহুল কংগ্রেসের সদর দফতরে সংবাদ সম্মেলন করেন।

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

মৎস্য পুরাণ মতে সরস্বতীর অষ্টশক্তির এক শক্তি হলেন লক্ষ্মী। সরস্বতীর অষ্টশক্তি হল লক্ষ্মী, মেধা, ধরা, পুষ্টি, গৌরী, তুষ্টি, প্রভা ও সতী। প্রকৃতপক্ষে দেবীর এক একটি শক্তি হল দেবীর এক একটি গুণ বা বৈশিষ্ট্য। লক্ষ্মী শুধু ধনের দেবী নয়। তিনি কৃষিসম্পদ, খনিজদ্রব্য, পশুসম্পদ, শিল্পসম্পদ ও বাণিজ্যেরও দেবী। তাই কৃষি ক্ষেত্রে, পশুপালনে, শিল্প-বাণিজ্য ক্ষেত্রে উন্নতি করতে হলে দেবীর কৃপালাভ প্রয়োজন।

ক্রমশঃ

# দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শিখর সম্মেলন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়ার প্রধানমন্ত্রী শ্রী অ্যান্টনি অ্যালবানিজ ১৯ নভেম্বর রিও ডি জেনেইরোতে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে দ্বিতীয় ভারত-অস্ট্রেলিয়া বার্ষিক শিখর সম্মেলন করলেন। প্রথম বার্ষিক শিখর সম্মেলনটি হয়েছিল নতুন দিল্লিতে ২০২৩-এর ১০ মার্চ প্রধানমন্ত্রী অ্যালবানিজের সরকারী ভারত সফরের সময়।

দুই প্রধানমন্ত্রী ভারত-অস্ট্রেলিয়া সার্বিক কৌশলগত অংশীদারিত্ব জোরদার করতে তাঁদের সাহায্যের কথা পুনরায় ব্যক্ত করেন। তাঁরা প্রতিরক্ষা ও নিরাপত্তা, বাণিজ্য ও লগ্নি, শিক্ষা, দক্ষতা ও চলমানতা, পুনর্নবিকরণযোগ্য শক্তি, মহাকাশ, ক্রীড়া এবং মানুষে মানুষে মৈত্রী ক্ষেত্রে সহযোগিতা নিয়ে আলোচনা করেন। এই পরিপ্রেক্ষিতে একটি যৌথ বিবৃতি প্রকাশ করা হয়। দুই প্রধানমন্ত্রী পুনর্নবিকরণযোগ্য শক্তি অংশীদারির সূচনাকে স্বাগত জানান।

দুই পক্ষই পারস্পরিক স্বার্থ জড়িত আঞ্চলিক এবং আন্তর্জাতিক বিষয় নিয়ে মত বিনিময় করেন। আন্তর্জাতিক আইন মেনে শান্তিপূর্ণ, সুস্থির এবং সমৃদ্ধ ভারত- প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের জন্য তাঁদের দায়বদ্ধতার কথা পুনরায় ব্যক্ত করেন তাঁরা।

# প্রধানমন্ত্রী গায়ানার সর্বোচ্চ জাতীয় পুরস্কার দ্য অর্ডার অফ এক্সেলেন্সে ভূষিত

**নতুন দিল্লি, ২১ নভেম্বর ২০২৪ : নিউজ সারাদিন** : গায়ানার রাষ্ট্রপতি ডঃ মহম্মদ ইরফান আলি আজ তাঁর সরকারি বাসভবনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীকে সেদেশের সর্বোচ্চ জাতীয় পুরস্কার দ্য অর্ডার অফ এক্সেলেন্সে সম্মানিত করেছেন। একজন দূরদর্শী রাজনীতিবিদ হিসেবে শ্রী মোদী বিশ্ব মঞ্চে উন্নয়নশীল দেশগুলির অধীকার রক্ষা এবং ভারত ও গায়ানার মধ্যে সম্পর্ক মজবুত করতে যে পদক্ষেপ নিয়েছেন তার জন্যই তাঁকে এই সম্মানে ভূষিত করা হয়।

পুরস্কার গ্রহণ করে প্রধানমন্ত্রী ভারতের জনগণকে এবং দুই দেশের জনগণের মধ্যে যে গভীর ঐতিহাসিক সম্পর্ক রয়েছে তার উদ্দেশ্যে পুরস্কারটি উৎসর্গ করেন। তিনি বলেন, তাঁর এই সরকারি সফর ভারত ও গায়ানার মধ্যে বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে আরও শক্তিশালী করার প্রতি ভারতের প্রতিশ্রুতিবদ্ধতার প্রমাণ।

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী চতুর্থ বিদেশী নেতা যিনি গায়ানার সর্বোচ্চ জাতীয় পুরস্কারে ভূষিত হয়েছেন।

৩ পাতার পর

# ভারত-ক্যারিকম দ্বিতীয় শীর্ষ সম্মেলনের সমাপ্তি অধিবেশনে প্রধানমন্ত্রীর ভাষণ

করে তোলার জন্য ক্যারিকম-এর সঙ্গে নিবিড় সহযোগিতার প্রয়োজন এবং ক্যারিকম-এর সমর্থন খুবই জরুরি।

সুধীবৃন্দ,

আজকের বৈঠকে আমরা যে সিদ্ধান্তগুলি নিয়েছি তা প্রতিটি ক্ষেত্রের সহযোগিতায় নতুন মাত্রা যোগ করবে। ভারত-ক্যারিকম যৌথ কমিশন এবং যৌথ কর্মীগোষ্ঠী এগুলির বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

আমাদের ইতিবাচক সহযোগিতাকে প্রসারিত করতে আমি তৃতীয় ক্যারিকম শীর্ষ সম্মেলন ভারতে আয়োজন করার প্রস্তাব রাখছি।

আরও একবার রাষ্ট্রপতি ইরফান আলি, প্রধানমন্ত্রী ডিকন মিশেল, ক্যারিকম সচিবালয় এবং আপনাদের সকলকে আমি আন্তরিক কৃতজ্ঞতা জানাই।

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# সিনেমার খবর

## রেগে গেলে মাথা ঠিক থাকে না প্রিয়াঙ্কার!



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** ১০ বছরের ছোট পপ তারকা নিক জোনাসকে বিয়ে করায় সামাজিক যোগাযোগ মাধ্যমে কটাক্ষের শিকার হয়েছিলেন অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। তবে কটাক্ষকে কোনোদিনই নিজের জীবনে প্রভাব ফেলতে দেননি তিনি। এখন মেয়ে মালতীকে নিয়ে দারুণ সময় কাটছে এ তারকা দম্পতির।

তবে প্রিয়াঙ্কার সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ হওয়ার আগে নিকের ছিল একাধিক সম্পর্ক। যে সম্পর্কগুলো নিয়ে চর্চা সব থেকে বেশি তা হচ্ছে- মিলি সাইরাস, সেলেনা গোমেজ ও অলিভিয়া কুলপোর সঙ্গে।


যদিও একটি সম্পর্কও টেকেনি নিকের। শেষ পর্যন্ত প্রিয়াঙ্কাকে মন দিয়ে তার সঙ্গেই ঘর বাঁধেন পপ তারকা। এক সাক্ষাৎকারে প্রিয়াঙ্কা জানান, তার বিন্দুমাত্র কোনও প্রভাব পড়েনি। অভিনেত্রীর কথায়, 'এইসব বিষয়ে মাথা ঘামাই না, পাত্তাও দিই না।'

সম্প্রতি সামাজিক যোগাযোগ মাধ্যমে এক সাক্ষাৎকারের পুরোনো ভিডিও ভাইরাল হয়েছে। যেখানে অভিনেত্রী জানান, কখনও যদি তার স্বামী বিশ্বাসঘাতকতা করেন, তখন কী করবেন তিনি।

অভিনেত্রীর কথায়, 'আমি রেগে গেলে খুব চিৎকার করে কথা বলি। যদি জানতে পারি আমার স্বামী সত্যিই বিশ্বাসঘাতকতা করেছে তাহলে প্রথমেই হয়ত তার উপর খুব চিৎকার করব। তারপর ঠিক কী করব জানি না। রেগে গেলে মাথা ঠিক থাকে না আমার।'

শেষে প্রিয়াঙ্কা বলেন, 'যদি তাকে খুব ভালোবাসি তবে, আরও একবার সুযোগ দেব। কারণ, আমি মনে করি, প্রতিটি মানুষের দ্বিতীয় সুযোগ পাওয়া উচিত।'

## ধানুষের বিরুদ্ধে রেগে ভূত নয়নতারা!





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মুক্তির অপেক্ষায় তথ্যচিত্র 'নয়নতারা: বিয়ন্ড দ্য ফেয়ারি টেল'। অধীর প্রতীক্ষায় পরিচালক-নায়িকা নয়নতারা স্বয়ং। সেই অপেক্ষার আনন্দে জল ঢেলে দিলেন আর এক দক্ষিণী অভিনেতা ধানুষ। তার অভিযোগ, তথ্যচিত্রে তিন সেকেন্ডের জন্য ধানুষ প্রযোজিত ছবি 'নানুম রাউডি ধান'-এর ছোট্ট অংশ ব্যবহার করা হয়েছে। এ ছবিতে নায়িকার ভূমিকায় ছিলেন নয়নতারা। অভিনেতার দাবি, বিনা অনুমতিতে ঝলকটি নাকি ব্যবহার করেছেন তিনি। এর পরেই তাকে ১০ কোটি টাকার আইনি নোটিস পাঠান প্রযোজক-অভিনেতা। রবিবার খোলা চিঠিতে তারই জবাব দিলেন নায়িকা। প্রকাশ্যে ধনুষের চরিত্রের দিকে আঙুল তুলেছেন 'জওয়ান'-এর নায়িকা!

মাত্র তিন সেকেন্ডের ঝলকে ১০ বছরের পুরনো ছবির কতটাই বা দেখা যায়? খোলা চিঠিতে প্রথম প্রশ্ন এটাই ছিল নায়িকার। সেই প্রসঙ্গ টেনে তাঁর বক্তব্য, “আপনি নিজেকে যতটা দেখান ততটা আপনি মোটেই নন। কারণ, নিজেকে ফুলিয়ে ফাঁপিয়ে দেখাতে গিয়ে একটু বেশিই বলেন। এই তো আপনার চরিত্র!” ক্ষুব্ধ নয়নতারার দাবি, ছবির প্রচারের সময় ধানুষ নিজের প্রকৃত রূপ অনেকটাই লুকিয়ে রাখেন। সহজ-সরল অনুরাগীদের সামনে যেটুকু তুলে ধরেন সেটা প্রকৃত ধানুষ নন। আইনি বার্তা তার প্রমাণ। নয়নতারা আরও লিখেছেন, গত ১০ বছর ধরে এই কাজটাই নাকি করে চলেছেন ধানুষ। কিন্তু আড়ালে ব্লকবাস্টার ছবি সম্পর্কে যা যা ভয়ঙ্কর মন্তব্য প্রযোজক-অভিনেতা করেছিলেন নায়িকা তার কিছুই ভোলেননি। ২০১৬ সালে এই ছবিটিই ধানুষের হাতে পুরস্কার এনে দিয়েছিল। সেই পুরস্কার মঞ্চে উঠেও নাকি প্রযোজকের উচ্ছ্বাসকে ছাপিয়ে গিয়েছিল তার অসন্তোষ!

এখানেই শেষ নয়। নায়িকার আরও অভিযোগ, “তিন সেকেন্ডের ঝলক দেখানোর অনুমতি চেয়ে কমবেশি আড়াই বছর লড়তে হয়েছে আপনার সঙ্গে। তার পরেও আপনার অনুমতি পাইনি! শেষে সমস্ত অংশ বাদ দিয়ে সামাজিমাধ্যম থেকে ছবির সামান্য কিছু অংশ নিয়েছিলাম। তাতেও এত কাণ্ড!” কটাক্ষে বিঁধতেও ছাড়েননি ধানুষকে। লিখেছেন, আপন মনের মাধুরী মিশিয়ে তৈরি এই ভুয়ো অভিযোগ আগামী ছবির প্রচারে কাজে আসবে। ধানুষ যেন এই তির সেই সময়ের জন্য যত্ন করে তুলে রাখেন। নয়নতারা এও জানিয়েছেন, কিছু মানুষ রয়েছেন, যারা অন্যকে ছোট করেই আনন্দ পান। প্রযোজক-অভিনেতা তাদের দলে। নয়নতারা তার তথ্যচিত্রে সেই সব মানুষের গল্প বলেছেন, যারা অন্যের সুখে সুখী।

## অভিষেক-ঐশ্বরিয়া কখনোই আলাদা হতে পারেন না: নিখিল



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডের জনপ্রিয় দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রাইয়ের দাম্পত্য কলহ নিয়ে এখন আলোচনা তুঙ্গে। এই আলোচনার মাঝেই গোপন এক তথ্য দিলেন পরিচালক ও অভিনেতা নিখিল দ্বিবেদী। সম্প্রতি এক সাক্ষাৎকারে নিখিল জানান, দুজনের ডিভোর্সের খবর একেবারে মিথ্যা। তারা দুজন কখনোই আলাদা হতে পারেন না।


দীর্ঘদিন ধরেই বচ্চন পরিবারের ঘনিষ্ঠ পরিচালক নিখিল। অমিতাভ, জয়া, শ্বেতা সবাই খুবই স্নেহ করেন এ নির্মাতাকে। নিয়মিত বচ্চন বাংলোতেও যাওয়া আসা রয়েছে নিখিলের। সেই সূত্রেই পরিচালক বলেছেন, 'আজ পর্যন্ত ঐশ্বরিয়া ও অভিষেককে আলাদা থাকতে দেখিনি। দুজনেই খুব সুন্দরভাবে সংসার করছে। দুজনেই খুবই দায়িত্বশীল। তাই যা রটেছে তা মোটেই সত্যি নয়'।



এদিকে বলিউড পাড়ার গুঞ্জনে শোনা যাচ্ছে, ঐশ্বরিয়া-অভিষেকের বিবাহ বিচ্ছেদ নাকি সময়ের ব্যাপার মাত্র! এরই মধেয় নাকি আইনজীবীর সঙ্গে দুজনেই সাক্ষাৎ করেছেন। তবে গুঞ্জনে বিভিন্ন ধরনের কথা ছড়ালেও, বিচ্ছেদের বয়াপারে এখনো মুখ খোলেননি ঐশ্বরিয়া। শুধু তাই নয় এসব নিয়ে কেউ প্রশ্ন তারা সুকৌশলে এড়িয়ে যান। অন্যদিকে সংসার ভাঙার গুঞ্জনের মাঝে জুটি হিসেবে নাকি নতুন একটি সিনেমায় ঐশ্বরিয়া ও অভিষেক চুক্তিবদ্ধ হয়েছেন।

অভিষেক-ঐশ্বরিয়ার সংসারের কলহের খবর নতুন নয়। বচ্চন পরিবারের সম্পত্তিভাগের কারণেই বিবাদের সূত্রপাত হয়েছিল। তবে সাম্প্রতিক গুঞ্জন, তারকা দম্পতির সম্পর্কের মধ্যে নাকি তৃতীয় ব্যক্তির প্রবেশ ঘটেছে। বলিউড নায়িকা নিমরত কৌরের সঙ্গে অভিষেকের ঘনিষ্ঠতার কারণেই অশান্তি শুরু হয়। একথা দ্রুত ছড়িয়ে পড়েছে বলিউড ইন্ডাস্ট্রিতে। কেউ কেউ বলেছেন, নিমরতই নাকি ঐশ্বরিয়ার কাছ থেকে অভিষেককে দূরে সরিয়ে নিয়েছেন। তবে এ গুঞ্জন নিয়ে অভিষেক বা নিমরত দুজনের কেউ মুখ না খুলছেন না।

## দুর্ঘটনায় আহত হিনা খান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী হিনা খান বিভিন্ন কারণে বারবার সংবাদ শিরোনামে উঠে আসেন। সম্প্রতি ক্যান্সারে আক্রান্ত হওয়ার পর তিনি মালদ্বীপে ছুটি কাটাতে গিয়েছিলেন, আর সেখানে দুর্ঘটনার শিকার হন। এই ঘটনার পর তার ভক্তরা বেশ উদ্বিগ্ন হলেও, হিনা খান পরিস্থিতি নিয়ে ইতিবাচক মনোভাব পোষণ করছেন। সামাজিক যোগাযোগ মাধ্যমে আহত হওয়ার ছবি শেয়ার করে তিনি লিখেছেন, "মালদ্বীপে গিয়ে চোট পেয়েছি।" ছবিতে দেখা যায়, তার পায়ে আঘাতের চিহ্ন। হিনা মালদ্বীপে বেশ কিছু অ্যাডভেঞ্চার করেছেন, যার কারণে তিনি আহত হয়েছেন বলে ধারণা করা হচ্ছে। তবে, তিনি এই আঘাতকে মালদ্বীপের একটি স্মৃতি হিসেবে দেখছেন।

হিনা খান মূলত ছোট পর্দার এক জনপ্রিয় অভিনেত্রী, তবে কিছু সিনেমাতেও কাজ করেছেন। 'ইয়ে রিসতা ক্যায়া কহেলাতা হ্যায়' সিরিয়ালে অভিনয়ের মাধ্যমে তিনি ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেন। এছাড়া, কসৌটি জিন্দেগি কি, নাগিন ৫-এর মতো ধারাবাহিক এবং বিগ বস, ফিয়ার ফ্যাক্টর খতরো কে খিলাড়ি সিজন ৮ ও ১৩ সহ একাধিক রিয়্যালিটি শোতে অংশগ্রহণ করেছেন। অতিথি শিল্পী হিসেবে তিনি বহু ধারাবাহিকেও উপস্থিত হয়েছেন।

## এবার নাগিন হয়ে সামনে আসবেন শ্রদ্ধা!



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বলিউড অভিনেত্রী শ্রদ্ধা কাপুর এই মুহূর্তে 'স্ত্রী ২'-এর সফলতায় ভাসছেন। মাত্র ৬০ কোটি রুপি বাজেটের সিনেমাটি আয় করেছে ৯০০ কোটি রুপির বেশি। শুধু তাই নয়, ভারতের বক্স অফিসে ভেঙে দিয়েছে 'পাঠান', 'জওয়ান'-এর আয়ের রেকর্ডও। বর্তমানে হিন্দি চলচ্চিত্রে সর্বোচ্চ আয় করা সিনেমাটি এটি।

এতে মূল ভূমিকায় অভিনয় করেছেন শ্রদ্ধা কাপুর। তবে স্ত্রী পর্ব চুকিয়ে এবার নাগিন হতে চলেছেন এই তারকা। শ্রদ্ধাকে নাগিন হিসেবে পর্দায় হাজির করবেন নির্মাতা নিখিল দ্বিবেদি। শিগগিরই শুরু হবে এর শুটিং।

নির্মাতা জানিয়েছেন, এই ছবি নিয়ে ভীষণ উচ্ছ্বসিত শ্রদ্ধা। নিখিল বলেন, 'সিনেমাটির জন্য আমি প্রথমে শ্রদ্ধার কথাই ভেবেছি। যখন তাকে প্রস্তাব দিলাম, সে মুহূর্তেই রাজি হয়ে গেল। শুটিংয়ের জন্য উন্মুখ হয়ে আছে শ্রদ্ধা। আমার চিত্রনাট্যও প্রস্তুত।'

এতে সাপের ভূমিকায় দেখা যাবে শ্রদ্ধাকে। যে তার চেহারা পরিবর্তন করতে পারে। অতীতে এমন আঙ্গিকের অনেক সিনেমা হয়েছে। তবে বর্তমান সময়ের কথা মাথায় রেখেই 'নাগিন' বানাবেন নিখিল। সিনেমাটিতে শ্রদ্ধার সঙ্গে আর কে কে থাকবেন, তা জানানো হয়নি।

## বসনিয়ার জালে

# জার্মানির ৭ গোল



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : ম্যাচের ৭৯ সেকেন্ডেই বসনিয়ার জালে বল জড়াল। সেই যে শুরু হলো, এরপর আক্রমণের ঢেউ উঠল। গোলও হলো মুড়ি-মুড়কির মতো। একপেশে লড়াইয়ে প্রতিপক্ষকে গুঁড়িয়ে নেশন্স লিগের গ্রুপ চ্যাম্পিয়ন হলো ইউলিয়ান নাগেলসমানের দল। নকআউট পর্বের টিকেট আগেই নিশ্চিত করেছে জার্মানি। ফ্রেইবুর্কে শনিবার রাতে ৭-০ গোলে জিতে গ্রুপ সেরা হলো তারা। এই গোল উৎসবে দুবার করে জালে বল পাঠিয়েছেন টিম ক্লাইনডিন্সট ও ফ্লোরিয়ান ভিরৎজ। তাদের অন্য তিন গোলদাতা জামাল মুসিয়ালা, কাই হাভার্টজ ও লেরয় সানে। পাঁচ ম্যাচে চার জয় ও এক ড্রয়ে ১৩ পয়েন্ট জার্মানির। দিনের আরেক ম্যাচে হাঙ্গেরিকে ৪-০ গোলে হারিয়ে গ্রুপ রানার্সআপ হয়ে শেষ আটে উঠেছে নেদারল্যান্ডস, তাদের পয়েন্ট ৮। ৫ পয়েন্ট নিয়ে তিনে হাঙ্গেরি। আগেই বিদায় নিশ্চিত হয়ে যাওয়া বসনিয়া ১ পয়েন্ট নিয়ে তলানিতে।

## দ্বিতীয় বার

# বাবা হলেন রোহিত



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : দ্বিতীয় বার বাবা হয়েছেন ভারতের তারকা ক্রিকেটার রোহিত শর্মা। শুক্রবার রাতে তার স্ত্রী রীতিকা সাজদে পুত্রসন্তানের জন্ম দিয়েছেন বলে সূত্রের খবর। এখনও পর্যন্ত রোহিত বা তার পরিবারের কেউ আনুষ্ঠানিকভাবে দ্বিতীয় সন্তানের জন্মের খবর জানাননি। স্ত্রীর পাশে থাকার জন্য দলের সঙ্গে অস্ট্রেলিয়া যাননি রোহিত। ২০১৫ সালে প্রথম বার বাবা হয়েছিলেন রোহিত। সামাইরার জন্ম দিয়েছিলেন স্ত্রী রীতিকা। ৯ বছর পর দ্বিতীয় বার বাবা হলেন রোহিত। দ্বিতীয় বার স্ত্রীর অন্তঃসত্ত্বা হওয়ার খবর জানাননি তিনি। অস্ট্রেলিয়ার বিরুদ্ধে টেস্ট সিরিজে শুরু থেকে থাকবেন না বলে জানিয়েছিলেন। তার পরেই জানা যায়, রোহিত দ্বিতীয় বার বাবা হতে চলেছেন। স্ত্রীর অন্তঃসত্ত্বা হওয়ার খবর যেমন জানাননি রোহিত, তেমনই এখনও প্রকাশ্যে আনেননি দ্বিতীয় বার বাবা হওয়ার খবরও। সরকারি ভাবে রোহিতরা কিছু না জানালেও বিভিন্ন সংবাদমাধ্যম সূত্রে জানা গিয়েছে যে, শুক্রবার রাতে রীতিকা পুত্রসন্তানের জন্ম দিয়েছেন। ২২ নভেম্বর থেকে শুরু ভারত-অস্ট্রেলিয়া প্রথম টেস্ট। ১০ নভেম্বর ভারতীয় দল অস্ট্রেলিয়া পৌঁছে গিয়েছে। সেখানে কিছু দিন অনুশীলন করার পর নিজেদের মধ্যে একটি তিন দিনের ম্যাচ খেলছে তারা। রোহিত দলের সঙ্গে যাননি। তবে প্রথম টেস্টের আগে তিনি দলে যোগ দিতে পারেন বলে শোনা যাচ্ছে। যদিও প্রথমে বোর্ডের কাছ থেকে ছুটি নিয়েছিলেন রোহিত। পরে নিউজিল্যান্ডের বিরুদ্ধে দল ০-৩ হারার পর ছুটি বাতিল করার সিদ্ধান্ত নেন বলে শোনা গিয়েছে।

# আর্জেন্টিনা দলে জোড়া দুঃসংবাদ




স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : আন্তর্জাতিক উইন্ডোতে বছরের শেষ ম্যাচে মেসি-আলভারেজেদের প্রতিপক্ষ পেরু। সেই ম্যাচের আগে জোড়া চোটের দুঃসংবাদ পেয়েছেন কোচ লিওনেল স্কালোনি। ইতোমধ্যে নতুন করে একজনকে স্কোয়াডে যুক্ত করেছেন।

প্যারাগুয়ের বিপক্ষে নিজেদের শেষ ম্যাচে লিওনেল মেসির দলটি ২-১ গোলে হেরেছিল। ফলে পেরু ম্যাচটি তাদের জন্য ঘুরে দাঁড়ানোর লড়াই। স্বাভাবিকভাবে যদিও তারাই ম্যাচটিতে ফেবারিট হিসেবে নামবে। আগামী বুধবার ভোর ৬টায় মুখোমুখি হবে আর্জেন্টিনা-পেরু। চোটের কারণে সেই ম্যাচ থেকে ছিটকে গেছেন দুই আর্জেন্টাইন ডিফেন্ডার নাহুয়েল মোলিনা ও ক্রিস্টিয়ান রোমেরো।

প্যারাগুয়ে ম্যাচেই ডান পায়ের চোটে অস্বস্তিতে দেখা যায় রোমেরোকে। ইতোমধ্যে প্রিমিয়ার লিগের ক্লাব টটেনহ্যাম হটস্পারের এই তারকা জাতীয় দল ছেড়ে ইংল্যান্ডেও উড়াল দিয়েছেন বলে জানিয়েছে সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস। অন্যদিকে, ডান উরুর মাংসপেশির চোটে ভুগছেন মোলিনা। সে কারণে আর্জেন্টিনা টিম ম্যানেজমেন্ট তার জায়গায় জিউলিয়ানো সিমিওনেকে দলে নিয়েছে। প্যারাগুয়ে ম্যাচে রাইটব্যাক হিসেবে খেলেছেন মোলিনা, তার অনুপস্থিতিতে পেরু ম্যাচে সেই পজিশনে দেখা যেতে পারে গঞ্জালো মন্টিয়েলকে। গত ম্যাচে এই ডিফেন্ডার খেলেছেন বদলি হিসেবে নেমে। ডান পায়ের আঙুলে চোট পাওয়া রোমেরোর জায়গায় আর্জেন্টাইন একাদশে ঢুকতে পারেন লিওনার্দো বালের্দি। এ ছাড়া নিকোলাস তালিয়াফিকোর বিকল্প হিসেবেও স্কোয়াডে আছেন ফাকুন্দো মেদিনা। শেষ ম্যাচে তালিয়াফিকোও কাঁধে হালকা চোট পেয়েছিলেন। যদিও এখন পর্যন্ত মোলিনা-রোমেরো চোটের কারণে ছিটকে গেছেন বলে নিশ্চিত করেছে আর্জেন্টিনা। সবমিলিয়ে পরের ম্যাচে যে নিশ্চিতভাবে স্কালোনি একাদশে পরিবর্তন আনবেন, সেটি অনেকটাই অনুমেয়। অবশ্য নভেম্বর উইন্ডো খেলতে আসার আগেই আলবিসেলেস্তেরা চোটের ধাক্কা সামলে আসছিল। অক্টোবরের শুরুতে নিকো গঞ্জালেস লো-গ্রেড ইনজুরি, লিসান্দ্রো মার্টিনেজ এবং জার্মান পেজেয়াও আগেই পাওয়া চোট থেকে সেরে উঠেননি।

# ক্যারিয়ারে তৃতীয় দফায় এমন অভিজ্ঞতা মেসির



স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন : টানা তিন ম্যাচে হেরে যাওয়া একজন ফুটবলারের ক্যারিয়ারে অস্বাভাবিক কোনও ঘটনা নয়। এমন কিছু ঘটতেই পারে। কিন্তু সেই ফুটবলারের নাম যদি হয় লিওনেল মেসি, তখন কিন্তু বেশ অবাক হতেই হয়। টানা তিন ম্যাচে হার মেসির সঙ্গে যায় না। এবার নিজের ক্যারিয়ারে তৃতীয় দফায় এমন অভিজ্ঞতার মধ্য দিয়ে গেছেন আর্জেন্টাইন অধিনায়ক।

সম্প্রতি প্যারাগুয়ের বিপক্ষে তাদের মাঠে হেরে যায় আর্জেন্টিনা। সেই ম্যাচে মাঠে ছিলেন মেসি। মেসি থাকার পরেও পারেনি তার দল। প্যারাগুয়ের বিপক্ষে হারের আগে মেসি পরপর দুই ম্যাচে হেরে যান ইন্টার মায়ামির জার্সিতে। সেই হার দুইটি ছিল আটলান্টা ইউনাইটেডের বিপক্ষে মেজর লিগ সকারের (এমএলএস) প্লে অফে। কাকতালীয় ব্যাপার হচ্ছে, তিনটি ম্যাচেই হারের ব্যবধান ছিল ২-১।

২০০৪ সালে পেশাদার ফুটবলে যাত্রা শুরুর পর মেসি প্রথম টানা তিন হারের স্বাদ পান ২০১৪ সালে। তখন বার্সার কোচ ছিল জেরার্দো মার্তিনো। তিনটি হারই মেসি পান বার্সার জার্সিতে। সেই বছরের ৯ এপ্রিল আতলেতিকো মাদ্রিদের কাছে ১-০ গোলে হেরে চ্যাম্পিয়নস লিগের শেষ আট থেকে ছিটকে যায় মেসির বার্সা। এই ম্যাচের আগে প্রথম লেগে ১-১ গোলে ড্র করেছিল কাতালান ক্লাবটি। এরপর ১২ এপ্রিল গ্রানাদার মাঠে গিয়ে আবার হারের মুখ দেখেন মেসিরা। লা লিগায় সেই ম্যাচে বার্সা হারে ১-০ গোলে। পরের ম্যাচটি বার্সার হারে কোপা দেল রের ফাইনালে। রিয়াল মাদ্রিদের কাছে সেই ফাইনালে হারের ব্যবধান ছিল ২-১।

২০১৬ সালে দ্বিতীয়বার এমন ঘটনার সাক্ষী হন মেসি। এবারও তিনটি হারে মেসির গায়ে ছিল বার্সেলোনার জার্সি। এবারও সেই ৯ এপ্রিল লা লিগায় মেসির বার্সা ১-০ গোলে হেরে যায় রিয়াল সোসিয়েদাদের কাছে। ৪ দিন পর অর্থাৎ ১৩ এপ্রিল বার্সা টানা দ্বিতীয় হারের স্বাদ পায় চ্যাম্পিয়নস লিগে আতলেতিকো মাদ্রিদের বিপক্ষে। চ্যাম্পিয়নস লিগের সেই ম্যাচ ২-০ গোলে হেরে শেষ আট থেকেই ছিটকে যায় কাতালান ক্লাবটি। এরপর বার্সা তৃতীয় হারের পর স্বাদ পায় ১৭ এপ্রিল। সেই ম্যাচটিও ছিল লা লিগার। ভ্যালেন্সিয়ার বিপক্ষে সেই ম্যাচে হারের ব্যবধান ছিল ২-১। এই ম্যাচে মেসি গোল করলেও বার্সা হার এড়াতে পারেনি। ঘরের মাঠ ক্যাম্প নুর এই হার মৌসুম শেষে বার্সার হতাশার কারণও হয়েছিল। মাত্র ১ পয়েন্টের ব্যবধানে শিরোপা জিতেছিল রিয়াল মাদ্রিদ।

তবে আগের দুইবারের বিব্রতকর রেকর্ডকে ছাড়িয়ে যাওয়ার শঙ্কা এখন কড়া নাড়ছে মেসির দুয়ারে। সে ক্ষেত্রে অবশ্য পেরুর বিপক্ষেও হারতে হবে মেসির আর্জেন্টিনাকে। তেমন কিছু হলে ক্যারিয়ারে প্রথমবারের মতো টানা ৪ হারের তিক্ত স্বাদ পাবেন মেসি। এখন পর্যন্ত টানা হারের সংখ্যা ৩ ম্যাচ না ছড়ালেও জয়হীন থাকার সংখ্যা অবশ্য দুইবার ছয় ছুঁয়েছে। প্রথমবার ২০১৩ সালের মার্চে এবং দ্বিতীয়বার এমন ঘটনা দেখা যায় ২০২১ সালের জুনে।

# আর্জেন্টিনার নতুন জার্সির বিজ্ঞাপনে বাংলাদেশ



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আর্জেন্টিনার নতুন জার্সি প্রকাশ করেছে দেশটির ফুটবল অ্যাসোসিয়েশন। লিওনেল মেসি, এমিলিয়ানো মার্তিনেজসহ তারকা ফুটবলারদের নতুন জার্সির বিজ্ঞাপনে জায়গা পেয়েছে বাংলাদেশও। আগামী মঙ্গলবার পেরুর বিপক্ষে এই জার্সি পরেই বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচ খেলবেন মেসিরা।

শুক্রবার নিজেদের ভেরিফায়েড টুইটার (এক্সে) নতুন জার্সি নিয়ে এক মিনিট ১৭ সেকেন্ডের একটি ভিডিও প্রকাশ করেছে আর্জেন্টিনা ফুটবল অ্যাসোসিয়েশন (এএফএ)। নতুন জার্সিতে হাজির হন লিওনেল মেসিসহ অন্য তারকারা। ক্রীড়াসামগ্রী প্রস্তুতকারী প্রতিষ্ঠান অ্যাডিডাসের সঙ্গে এএফএর সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে তৈরি করা হয়েছে বিশেষ এই জার্সি। সেখানে বাংলাদেশকেও রেখেছে বর্তমান বিশ্বচ্যাম্পিয়নরা।

জার্সির ভিডিওতে জায়গা পেয়েছে বাংলাদেশও। ভিডিওর ৪৮ এবং ৪৯ সেকেন্ডে দেয়ালে ঝোলানো একটি টিভিতে দেখা যায় বাংলাদেশের সমর্থকদের উন্মাদনা। বাংলাদেশের একটি স্থানে বড় স্ক্রিন বসিয়ে আর্জেন্টিনার গোল উদযাপন করছেন বাংলাদেশের হাজারো আর্জেন্টাইন সমর্থক।

## ইতালিয়ান ফুটবল

# জুভেন্টাসের হয়ে ফেরার আশা শেষ পগবার



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : নিষেধাজ্ঞা শেষে পারিশ্রমিক কমিয়ে হলেও জুভেন্টাসে খেলতে চেয়েছিলেন পল পগবা। কিন্তু তার সেই প্রত্যাশা পূরণ হচ্ছে না। ফরাসি এই মিডফিল্ডারের সঙ্গে চুক্তি বাতিল করেছে ইতালিয়ান ক্লাবটি।

শুক্রবার এক আনুষ্ঠানিক বিবৃতিতে 'পারস্পরিক সমঝোতায়' এই চুক্তি শেষের ঘোষণা দেয় জুভেন্টাস। আগামী ৩০ নভেম্বরের পর ফ্রি এজেন্ট হয়ে যাবেন ৩১ বছর বয়সী পগবা।

বিবৃতিতে পগবার পেশাদার ক্যারিয়ারের ভবিষ্যতের জন্য শুভকামনা জানিয়েছে জুভেন্টাস।

গত বছরের অগাস্টে সেরি আয় উদিনেজের বিপক্ষে ম্যাচের পর দৈবচয়ন ভিত্তিতে করা পগবার নমুনা পরীক্ষায় উচ্চমাত্রার টেস্টোস্টেরোনের উপস্থিতি পাওয়া যায়। ফলে ওই বছরের সেপ্টেম্বরে তাকে সাময়িকভাবে নিষিদ্ধ করা হয়। পরে এই বছরের ফেব্রুয়ারিতে তাকে চার বছরের নিষিদ্ধ করে ইতালির জাতীয় ডোপিং-বিরোধী ট্রাইব্যুনাল, সেটা কার্যকর ধরা হয় ওই বছর সেপ্টেম্বর থেকেই।

'কোনো অন্যায় করেননি' জানিয়ে ওই শাস্তির বিরুদ্ধে আপিল করেন ফ্রান্সের ২০১৮ সালের বিশ্বকাপ জয়ী পগবা। ওই আপিলেই তার শাস্তি কমে আসে ১৮ মাসে। আগামী বছরের মার্চে প্রতিযোগিতামূলক ফুটবলে ফিরতে পারবেন পগবা।

জুভেন্টাসের সঙ্গে ২০২৬ সালের জুন পর্যন্ত চুক্তি ছিল তার এবং কদিন আগেও এই দলের হয়েই মাঠে নামার ইচ্ছা পোষণ করেছিলেন তিনি। আর সেজন্য প্রয়োজনে বেতন কমাতেও প্রস্তুত ছিলেন তিনি। কিন্তু তার সেই আশা পূরণ হলো না।

নিষেধাজ্ঞার আগে শেষ ম্যাচটি তিনি খেলেছেন জুভেন্টাসের হয়ে গত বছরের সেপ্টেম্বরে, এম্পোলির বিপক্ষে। দলটির জার্সিতে সেটাই হয়ে থাকল তার শেষ ম্যাচ।

## আইপিএলের নিলামের

## চূড়ান্ত তালিকায় ১৩ বছরের বৈভব



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন : আগামী মৌসুমের আইপিএলের নিলামের জন্য চূড়ান্ত তালিকা প্রকাশ করেছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। শুক্রবার (১৫ নভেম্বর) প্রকাশিত ওই তালিকায় জায়গা পেয়েছে ১৩ বছর ২৩৪ দিন বয়সী এক বাঁহাতি ব্যাটসম্যান! তার নাম বৈভব সূর্যবংশী।

'আনক্যাপড' বা অভিষেক না হওয়া ক্রিকেটার হিসেবে কিশোর বৈভব আছেন সেই তালিকার ৪৯১ নম্বরে। বলাই বাহুল্য, আইপিএলের ইতিহাসে নিলামে উঠতে যাওয়া ক্রিকেটারদের চূড়ান্ত তালিকায় সবচেয়ে কম বয়সী খেলোয়াড় তিনি। বৈভবের নাম থাকাটা নিঃসন্দেহে চমক। তবে তার সামর্থ্য নিয়ে প্রশ্ন তোলার কোনো সুযোগ নেই। তাকে নিয়ে ক্রিকেট দুনিয়ায় চর্চা অবশ্য আরও আগেই শুরু হয়েছে। এই বয়সেই খেলেছেন ভারতের অনূর্ধ্ব১৯ টেস্ট দলে। গত মাসে অস্ট্রেলিয়া অনূর্ধ্ব-১৯ দলের বিপক্ষে মাত্র ৫৮ বলে করেছেন সেঞ্চুরি। যুব টেস্টের ইতিহাসে যা দ্বিতীয় দ্রুততম এবং প্রতিদ্বন্দ্বিতামূলক ক্রিকেটে সবচেয়ে কম বয়সে সেঞ্চুরির রেকর্ড।

বয়স ১৩ হলেও এরই মধ্যে খেলেছেন রঞ্জি ট্রফিতে। বিহারের হয়ে ১২ বছর ২৮৪ দিন বয়সে প্রথম শ্রেণির ক্রিকেটে অভিষিক্ত হয়ে আলোচনার জন্ম দিয়েছিল বৈভব। প্রথম শ্রেণির ক্যারিয়ারে শুরুটা অবশ্য তেমন ভালো হয়নি। ৫ ম্যাচে এখন পর্যন্ত মোট রান করেছেন ১০০। সর্বোচ্চ রানের ইনিংস ৪১, সেটি এসেছে এই নভেম্বরেই।

এ ছাড়া বৈভব হেমান ট্রফি, কোচবিহার ট্রফিতেও খেলেছেন। বিহারের আন্তজেলা টুর্নামেন্ট হেমান ট্রফিতে ৮ ম্যাচে ৮০০ রানের বেশি করেছিলেন বৈভব। এরপর ভিনু মানকড় ট্রফিতে পাঁচ ম্যাচে করেন ৪০০ রান। বিহার ক্রিকেট অ্যাসোসিয়েশন আয়োজিত রানধির বার্মা অনূর্ধ্ব-১৯ ওয়ানডেতে ট্রিপল সেঞ্চুরিও আছে বৈভবের। ভারতীয় সংবাদমাধ্যম ইন্ডিয়া টুডে জানিয়েছে, এক বছরে বৈভব বিভিন্ন টুর্নামেন্টে মোট ৪৯টি সেঞ্চুরি করেছে, এমন দাবিও নাকি করেন কেউ কেউ।

আইপিএলের মেগা নিলাম এবার হচ্ছে জেদ্দায়। ২৪ ও ২৫ নভেম্বর হবে ক্রিকেটার বিকিকিনির সবচেয়ে বড় এ আয়োজন। দুই দিনে ৫৭৪ ক্রিকেটারকে নিলামে তোলা হবে। নিলাম থেকে সর্বোচ্চ ২০৪ জন ভারতীয় ও ৭০ জন বিদেশি ক্রিকেটারকে কেনার সুযোগ রয়েছে।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR